বাংলাদেশ বেতার

বাংলাদেশ বেতার

৩.১ ভূমিকা

বাংলাদেশ বেতার সম্প্রচার ক্ষেত্রে দেশের একমাত্র গণমাধ্যম। **১৯৩৯** সালের **১৬**ই ডিসেম্বর ঢাকার নাজিম উদ্দিন রোডে অবস্থিত ঢাকা কেন্দ্র থেকে অনুষ্ঠান প্রচারের মাধ্যমে এই অঞ্চলে বেতার সম্প্রচার শুরু হয়। পরে এই কেন্দ্রটি শাহবাগস্থ বেতার ভবনে স্থাপিত হয়। বস্তুতপক্ষে **১৯৭১** সালের ২৬শে মার্চ চট্টগ্রামে স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র থেকে ঐতিহাসিক স্বাধীনতা ঘোষণার মাধ্যমে যে বেতার কেন্দ্রের ভিত্তি স্থাপিত হয় তারই সফল ধারাবাহিকতার উত্তরসুরী আজকের বাংলাদেশ বেতার। **১৯৮৩** সালের ৩০শে জুলাই শেরে বাংলা নগরে বর্তমান অত্যাধুনিক পূর্ণাঙ্গ জাতীয় বেতার ভবনে বাংলাদেশ বেতারের ঢাকা কেন্দ্র স্থানান্তরিত হওয়ার পর শাহবাগস্থ ঢাকা কেন্দ্রের সাবেক প্রচার ভবনটি বাংলাদেশ বেতারের সদর দফতরে রূপান্তরিত হয় । বাংলাদেশ বেতার বর্তমানে **১১** (এগার)টি আঞ্চলিক কেন্দ্র এবং ৬ (ছয়)টি ইউনিটের মাধ্যমে প্রতিদিন ২৪০ ঘন্টা অনুষ্ঠান প্রচার করে থাকে। কেন্দ্রগুলি হচেছ ঃ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, ঠাকুরগাঁও, রাঙ্গামাটি, বরিশাল, কক্সবাজার এবং বান্দরবান।

স্বাধীনতা যুদ্ধের অবিস্মরণীয় সেই নয়টি মাসে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত হয়েছে মুক্তিযোদ্ধাদের বিজয় গাঁথা। মুক্তিযোদ্ধাদের সর্বক্ষনের সঙ্গী-স্বাধীন বাংলা বেতার কেন্দ্র । 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে', 'তীর হারা ঐ ঢেউয়ের সাগর', 'এক সাগর রক্তের বিনিময়ে' অথবা 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে'—এমনি অসংখ্য দেশের গান আপামর জনসাধারণ ও মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করেছে। রেডিওতে কান পেতে সবাই শুনেছে যুদ্ধক্ষেত্র থেকে সর্বশেষ পরিস্থিতির উপর সাক্ষাৎকার, 'চরমপত্র', 'রণাঙ্গনের চিঠি', কিংবা 'জল্লাদের দরবার' শিরোনামের কথিকা, নাটক ইত্যাদি অনুষ্ঠান । নবোদ্যমে বলীয়ান হয়ে বাংলার দামাল ছেলেরা একের পর এক যুদ্ধ জয় করতে থাকে । শত্রুমুক্ত হতে থাকে বাংলাদেশের মাটি। হানাদার বাহিনীর পরাজয় সুনিশ্চিত হয়ে গেলে ৬ই ডিসেম্বর, **১৯৭১** খ্রিঃ বিশ্বের অন্যান্য দেশ থেকে স্বাধীন-সার্বভৌম দেশ হিসেবে স্বীকৃতি পেতে শুরু করে বাংলাদেশ। 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র' ঐদিন থেকেই 'বাংলাদেশ বেতার' নামে আত্মপ্রকাশ করে ।

স্বাধীনতা পরবর্তীকালে যুদ্ধবিধ্বস্ত একটি দেশের পুনর্গঠনে বাংলাদেশ বেতারের রয়েছে সক্রিয় অবদান। বন্যা ও সাইক্লোনে এ দেশের বিভিন্ন অঞ্চল বার বার বিপর্যস্ত হলেও বাংলাদেশ বেতারের কার্যকর তথ্য প্রবাহের কারণে মৃত্যু ও ক্ষয়ক্ষতির হার অনেকাংশে কমানো গেছে ।প্রাকৃতিক দুর্যোগ পরবর্তী পুনর্বাসন কার্যক্রমেও ক্ষতিগ্রস্ত মানুষ হয়েছে উপকৃত। জনসংখ্যা নিয়ন্ত্রণ ও টিকাদান কর্মসূচিতে অভূতপূর্ব সাফল্য এবং খাদ্য উৎপাদনে যে বিপ্লব সংঘটিত হয়েছে তার নেপথ্যেও রয়েছে বেতার কর্মীদের নিরলস প্রচার অভিযান। শিক্ষা, তথ্য ও বিনোদনের মাধ্যমে জনগণকে সচেতন করতে বাংলাদেশ বেতারের দেশব্যাপী সম্প্রচার নেটওয়ার্কে রয়েছে এগারটি আঞ্চলিক কেন্দ্র ও ছয়টি বিশেষায়িত ইউনিট ।কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, জনসংখ্যা, দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানে সচেতনতা সৃষ্টির মাধ্যমে বেতার এদেশের মানুষকে অধিক হারে উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত করছে। ফলশ্রুতিতে উন্মোচিত হচেছ নতুন নতুন সম্ভাবনার দ্বার। বাংলাদেশ বেতারের এ চলমান কার্যক্রম দেশে-বিদেশে স্বীকৃত হয়েছে। বাংলাদেশ বেতার এ যাবত স্বাধীনতা পুরস্কারসহ ১৪টি আন্তর্জাতিক পুরস্কার লাভ করেছে ।এর মাধ্যমে বিশ্ব দরবারে সমুন্নত হয়েছে বাংলাদেশের ভাবমূর্তি ।

১৯৭১ থেকে ২০০৭। বেতারের এ পথচলাকে আরও গতিশীল এবং জনগণের আরও কাছে পৌঁছে দিতে বেতার নিয়েছে সুনির্দিষ্ট কার্যক্রম। জনগণের চাহিদা, রুচি আর আবহমান বাংলাদেশের লোকজ ঐতিহ্যের কথা বিবেচনায় রেখে আরও আকর্ষণীয়, কার্যকর এবং অংশগ্রহণমূলক অনুষ্ঠান নিয়ে বাংলাদেশ বেতার নতুন রূপে আত্মপ্রকাশ করতে যাচেছ। শিক্ষা, সংগীত, উন্নয়ন ও বার্তা-ভিত্তিক চারটি নতুন চ্যানেলে অনুষ্ঠান সম্প্রচার, দেশব্যাপী এফ. এম. নেটওয়ার্ক স্থাপন, নতুন প্রযুক্তির সর্বাধুনিক ট্রান্সমিটার দ্বারা পুরাতন ট্রান্সমিটার প্রতিস্থাপন এবং স্টুডিওগুলো ডিজিটালাইজড করার প্রকল্প গৃহীত হয়েছে। চলতি অর্থ বছরেই সরকার অনুমোদিত দুইটি প্রকল্পের কাজ শুরু হয়েছে। আশা করা যায়, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় গৌরবময় মুক্তিযুদ্ধের মতো বাংলাদেশ বেতার আবারও হয়ে উঠবে জনসাধারণের বিশ্বস্ত সঙ্গী।

৩.২ বাংলাদেশ বেতারের কার্যক্রম ঃ

বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র/ইউনিট এবং দপ্তরের মোট সংখ্যা ৫২টি ।

মোট মঞ্জুরীকৃত পদ সংখ্যা ঃ ২৭২৫

শ্রেণীভিত্তিক মোট মঞ্জুরীকৃত পদের বিবরণ নিম্নরূপ ঃ

ক্রমিক নং	পদের নাম	মঞ্জুরীকৃত পদ
১	প্রথম শ্রেণী	৬৫৩
২	দ্বিতীয় শ্রেণী	১০২
৩	তৃতীয় শ্রেণী	৯৪৮
৪	চতুর্থ শ্রেণী	১০২২
	মোট	**২৭২৫**

ইউনিটসমূহের কার্যক্রম ঃ

বাণিজ্যিক কার্যক্রম ঃ বাংলাদেশ বেতারের বাণিজ্যিক কার্যক্রম বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে সরকারের রাজস্ব আয় করে থাকে । প্রতিদিন মোট প্রচার সময় ১৬ ঘন্টা ৫৫ মিনিট ।

বহির্বিশ কার্যক্রম ঃ বহির্বিশ্বের শ্রোতাদের জন্য ৮(আট)টি অধিবেশনে ৬(ছয়)টি ভাষায় প্রতিদিন ৫ ঘন্টা ৩০ মিনিটব্যাপী অনুষ্ঠান ও সংবাদ প্রচার করা হয়ে থাকে । যে সমস্ ভাষায় অনুষ্ঠান প্রচার করা হয় সেগুলো হচ্ছে ঃ বাংলা, ইংরেজি, আরবী, Uïy, হিন্দী ও নেপালী ।

ট্রান্সক্রিপশন সার্ভিস ঃ ট্রান্সক্রিপশন সার্ভিস বাংলাদেশের সর্ববৃহৎ অডিও আর্কাইভ। এ ইউনিটের দায়িত্ব হচেছ ঐতিহ্যবাহী লোক সংগীত সংগ্রহ ও সংরক্ষণ, স্মরণীয়, বরণীয় বিশিষ্ট ব্যক্তিত্ব, শিল্পীদের সাক্ষাৎকার গ্রহণ ও সংরক্ষণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর মূল্যবান ভাষণসমূহ সংরক্ষণ, দেশ-বিদেশে বাংলাদেশের পরিচিতি ও প্রতিনিধিত্বমূলক অনুষ্ঠান সরবরাহ, আন্র্জাতিক বেতার অনুষ্ঠান প্রতিযোগিতায় অংশগ্রহণ।

কৃষি-বিষয়ক কার্যক্রম ঃ বাংলাদেশ বেতার থেকে প্রতিদিন কৃষক ভাইদের জন্য কৃষি-বিষয়ক কার্যক্রমে মোট ৪ ঘন্টা ৩০ মিনিটব্যাপী অনুষ্ঠান প্রচার করা হয়ে থাকে ।

জনসংখ্যা, স্বাস্হ্য ও পুষ্টি সেল ঃ বাংলাদেশ বেতার থেকে প্রতিদিন জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক অনুষ্ঠান ৫ ঘন্টা ৫৫ মিনিট প্রচারিত হয়।

লিয়াজোঁ অনুবিভাগ ঃ লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা শাখার প্রধান কর্ম-দায়িত্ব হচেছ অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিষ্ঠানের পক্ষে সকল প্রকার যোগাযোগ, তথ্য বিনিময়, অনুষ্ঠানের উপর শ্রোতাদের প্রতিক্রিয়া যাচাই, জরীপ, গবেষণা, রেডিও সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তিমালার গঠনমূলক পর্যালোচনা ও মতামত দান ।

ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ঃ

জনপ্রিয় গান, জীবন্তিকা, স্পট, জিঙ্গেল, কৌতুক প্রভৃতি অনুষ্ঠানের মাধ্যমে বেতার শ্রোতাদের ট্রাফিক বিধি বিষয়ে সচেতনতা, নিরাপদ যাতায়াত, সড়ক ব্যবস্থাপনা, দুর্ঘটনা এড়াবার উপায় যানবাহনের ফিটনেস ইত্যাদি বিষয়ে তথ্য প্রদান ও তা মেনে চলতে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ঢাকায় ২৬শে মে, ২০০৫ হতে এফ. এম. তরঙ্গে সম্প্রচার শুরু হয়। বর্তমানে সকাল ও বিকালের দুইটি অধিবেশনে এ কার্যক্রম ৮ ঘন্টা অনুষ্ঠান প্রচার করছে। সেল ফোনের মাধ্যমে ঢাকার বিভিন্ন স্থানের ট্রাফিক আপডেট, খেলার ফলাফল সংক্রান্ত লাইভ আপডেটসহ ট্রাফিক সম্প্রচার ঢাকা প্রতিদিনের উল্লেখযোগ্য অনুষ্ঠানমালার তথ্য এবং অনুরোধের গানের পর্ব প্রচারিত হচ্ছে।

কেন্দ্রীয় বার্তা সংস্থা ঃ (জাতীয়/স্থানীয় এবং উপজাতীয় সংবাদ) ঃ

কেন্দ্রীয় বার্তা সংস্থা বাংলাদেশ বেতার থেকে সকাল ৭টা হতে রাত ১২-১০ মিনিট পর্যন্ত মোট ২০টি জাতীয় সংবাদ বুলেটিন প্রচারিত হয় । এর মধ্যে ১৫টি বাংলা এবং ৫টি ইংরেজি বুলেটিন। এর মধ্যে রয়েছে প্রতিদিন ১টি স্থানীয় সংবাদ বুলেটিন, ১টি বাণিজ্যিক সংবাদ বুলেটিন এবং ১টি খেলাধূলার সংবাদ। সংবাদ প্রচারের পাশাপাশি প্রতিদিন ১টি ইংরেজি ও ১টি বাংলা সংবাদ পর্যালোচনা প্রচার করা হয়ে থাকে। সপ্তাহে প্রচারিত গুরুত্বপূর্ণ সংবাদের ওপর ভিত্তি করে প্রতি বৃহস্পতিবার রাত ৯-৪৫ মিনিটে ১০ মিনিট স্থিতি সম্পন্ন ইংরেজি সাপ্তাহিক পরিক্রমা এবং প্রতি শুক্রবার সকাল ১০-০৫ মিনিটে বাংলায় সংবাদ পরিক্রমা প্রচার করা হয়। প্রতি সপ্তাহে বাংলা ও ইংরেজিতে ১৫ মিনিট স্থায়ী (৭.৫ + ৭.৫) সাপ্তাহিক সার্ক বুলেটিন প্রচারিত হয়। এ ছাড়া, সম্প্রতি ট্রাফিক চ্যানেল কার্যক্রমে প্রতি ৩০ মিনিট পর পর ২ মিনিট স্হায়ী ১২টি সংবাদ শিরোনাম নিয়মিত প্রচারিত হয়।

এ ছাড়া ৫টি আঞ্চলিক বার্তা সংস্থা থেকে ১১টি বাংলা, ৩টি ইংরেজি সংবাদ প্রচারিত হয়। এ ছাড়াও চাক্মা, মারমা ও ত্রিপুরা ভাষায় চট্টগ্রাম কেন্দ্র থেকে প্রতিদিন ৫ মিনিট করে ১৫ মিনিট স্থিতির ৩টি সংবাদ বুলেটিন প্রচার করা হয়, যা রাঙ্গামাটি, বান্দরবান ও কক্সবাজার কেন্দ্র থেকে একযোগে সম্প্রচার করা হয়। কেন্দ্রীয় বার্তা সংস্থা থেকে সরকারের সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড, দারিদ্র বিমোচন কর্মসূচী, স্বাস্থ্য সেবা কমর্সূচী, শিক্ষা উন্নয়ন, কৃষি উন্নয়ন, রাজনৈতিক বিষয়ে অনুষ্ঠান ও সংবাদ প্রচারের পাশাপাশি সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের উপর বিশেষ অনুষ্ঠান প্রচার করা হয়।

মনিটরিং দপ্তর ঃ

এই দপ্তরে ২৪ ঘন্টাব্যাপী ১৩টি বিদেশী বেতার কেন্দ্রের মোট ৪৩টি সংবাদ বুলেটিন ও সংবাদ পর্যালোচনা দৈনিক মনিটর করা হয় এবং তা সম্পাদিত রিপোর্ট আকারে প্রকাশ করে গুরুত্বপূর্ণ সরকারী দপ্তরসমূহে বিতরণ করা হয়।

প্রকৌশল বিভাগ

বাংলাদেশ বেতারের ১৫টি মিডিয়াম ওয়েভ, ২টি শর্টওয়েভ ও ২টি এফ.এম. প্রেরণ কেন্দ্র, ৯টি সম্প্রচার ভবন, সংরক্ষণ অনুবিভাগ, পরিকল্পনা শাখা, গবেষণা ও গ্রহণ কেন্দ্র ও কারিগরী কার্যের মাধ্যমে বেতার প্রকৌশল কর্মকাণ্ডের সার্বিক পরিকল্পনা, উন্নয়ন, বাস্বায়ন, সংরক্ষণ, গবেষণা, প্রেরণ ও গ্রহণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। সম্প্রচার ভবনগুলোতে মোট ৭১টি পেশাগত মান সম্পন্ন শব্দধারণ ও প্রচারের জন্য উপযোগী স্টুডিও রয়েছে ।

উন্নয়ন প্রকল্প ঃ

বাংলাদেশ বেতার-এর যন্ত্রপাতি ও ভৌত অবকাঠামোগত অবস্থা অধিকাংশই দীর্ঘদিনের পুরাতন ও সম্পূর্ণ এনালগ পদ্ধতির এবং প্রেরণ কেন্দ্রের ট্রান্সমিটারগুলো ভাল্ব সিস্টেমে নির্মিত হওয়ার কারণে খুচরা যন্ত্রাংশ পাওয়া যাচ্ছে না । নতুন নতুন প্রযুক্তি আবিষ্কারের ফলে এ সব যন্ত্রপাতির নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক খুচরা যন্ত্রাংশ তৈরী বন্ধ করে দেয়ায় তা সংগ্রহ করা সম্ভব হচ্ছে না । বিষয়টি বিবেচনায় রেখে বাংলাদেশ বেতার সম্প্রতি বেশ কয়েকটি যুগোপযোগী প্রকল্প হাতে নিয়েছে । এর মধ্যে বর্তমানে চলমান দু'টি প্রকল্প হচ্ছে ঃ

১) ধামরাইস্থ মহাশক্তি প্রেরণ কেন্দ্রের ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার প্রতিস্থাপন প্রকল্প। এ প্রকল্পটি বাস্বায়িত হলে—

   ক) দেশের প্রায় ৯৫% এলাকায় উন্নতমানের অনুষ্ঠান প্রচার করা সম্ভব হবে।

   খ) ট্রান্সমিটারটি সম্পূর্ণ Solid State হওয়াতে প্রচুর Electricity Saving হবে অর্থাৎ বিদ্যুৎ বিল অনেক কম আসবে।

   গ) ট্রান্সমিটারের Operation & Maintenance Cost বেশ কম হবে।

২) বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্রের যন্ত্রসামগ্রী সমীকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণ প্রকল্প। এ প্রকল্পটি বাস্বায়িত হলে বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্রের শব্দ ধারণ ও সম্পাদনা ব্যবস্থার উন্নয়নকল্পে ডিজিটাল অডিও কনসোল, কম্পিউটার, সার্ভার, হার্ডডিস্ক রেকর্ডার ইত্যাদি সরবরাহ ও সংস্থাপন সম্ভব হবে ।

গত বছর ঢাকার সাভারে পুরাতন ১০০ কিলোওয়াট শর্টওয়েভ ট্রান্সমিটার উন্নয়ন ও শক্তিশালীকরণ প্রকল্প স্থাপন করা হয়েছে। এর ফলে বহির্বিশ্বে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান আগের চেয়ে স্পষ্ট শোনা যাচ্ছে।

এছাড়া বাংলাদেশ বেতার কবিরপুরে একটি শর্টওয়েভ ট্রান্সমিটার স্থাপন এবং দেশব্যাপী এফ.এম.   সম্প্রচার নেটওয়ার্ক প্রচলনের জন্য দুইটি প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াধীন আছে।

৩.৩ সাংগঠনিক কাঠামো

BANGLADESH BETAR

DIRECTOR GENERAL

DEPUTY DIRECTOR GENERAL (PROGRAM)

DIRECTOR-8

DIRECTOR, PROGRAM
DIRECTOR, LIAISON
DIRECTOR, EDUCATION
DIRECTOR, MUSIC

DIRECTOR, EXTERNAL SERVICE
DIRECTOR, TRANSCRIPTION SERVICE
DIRECTOR,FARM BROADCAST
DIRECTOR, COMMERCIAL SERVICE
DIRECTOR, POPULATION CELL (Project)

REGIONAL DIRECTOR-12

DHAKA
CHITTAGONG
RAJSHAHI
RANGPUR
SYLHET
KHULNA
COX'S BAZAR
RANGAMATI
BARISAL
THAKURGAON
BANDARBAN
COMILLA

DEPUTY REGIONAL DIRECTOR - 22
ASSISTANT REGIONAL DIRECTOR - 60
PROGRAMME ORGANISER - 127

DEPUTY DIRECTOR GENERAL (NEWS)

DIRECTOR, NEWS
DIRECTOR,MONITORING
CONTROLLER OF NEWS-3

REGIONAL CONTROLLER-5

CHITTAGONG
RAJSHAHI
RANGPUR
SYLHET
KHULNA

ADDL. CONTROLLER(NEWS) -8
DY. CONTROLLER (NEWS) - 19
ASSTT. CONTROLLER (NEWS)- 38

DIRECTOR ADMN./FINANCE

ADDL.DIRECTOR ADMN./FINANCE

DY. DIRECTOR ADMN./FINANCE

CHIEF ENGINEER

ADDL.CHIEF ENGINEER-4

MAINTENANCE, DHAKA
TECHNICAL SERVICES,DHAKA

SUPER POWER TRANSMITTER,DHAMRAI
SHORTWAVE TRANSMITTER,KABIRPUR

SENIOR ENGINEER/RESIDENT ENGINEER-13
STATION/REGIONAL ENGINEER-39
DY.REGIONAL ENGINEER - 30
RADIO ENGINEER - 126
ASSTT. RADIO ENGINEER - 127

TOTAL MANPOWER

		Total Strength
CLASS	I	653
CLASS	II	102
CLASS	III	948
CLASS	IV	1022
		2725

৩.৪ THE NATIONAL BROADCASTING AUTHORITY ORDINANCE, 1988

No.266-Pub-The following Ordinance made by the President of the People's Republic of Bangladesh , on the 24th May, 1986, is hereby published for general information :—

Ordinance No. XXXII of 1986
AN ORDINANCE

To provide for the establishment of the National Broadcasting Authority
WHEREAS it is expedient to provide for the establishment of the National Broadcasting Authority and for matters connected there with;

NOW, THEREFORE, in pursuance of the Proclamation of the 24th March,1982, and in exercise of all powers enabling him in that behalf, the President is pleased to make and promulgate the following Ordinance:-

1. **Short title:**

This Ordinance may be called the National Broadcasting Authority Ordinance, 1986.

2. **Definitions:**

In this Ordinance, unless there is anything repugnant in the subject or context,—

(a) "Authority" means the National Broadcasting Authority established under this Ordinance;

(b) "Chairman" means the Chairman of the Authority;

(c) "Member" means a member of the Authority;

(d) "Prescribed" means prescribed by rules made under this Ordinance.

3. **Establishment of the Authority:**

(1) As soon as may be after the commencement of this Ordinance, the Government shall, by notification in the official Gazette, establish an Authority to be called the National Broadcasting Authority for carrying out the purposes of this Ordinance.

(2) The Authority shall consist of a Chairman and not less than three and not more than seven other members.

(3) The Chairman and other members shall be appointed by the Government from amongst persons who are in the service of the Republic and shall hold office on such terms and conditions as the Government may determine.

(4) The Chairman shall be the chief executive of the Authority.

(5) All decisions of the Authority shall forthwith be transmitted to the members shall exercise such powers and perform such functions as may be prescribed or as may be assigned to them by the Government or the Authority.

4. **Meetings of the Authority:**

(1) The meetings of the Authority shall be held in such manner as may be prescribed:

Provided that until rules are made in this behalf,the meetings of the Authority shall be held in such manner as may be determined by the Chairman.

(2) To constitute a quorum at a meeting of the Authority atleast three members shall be present.

(3) All meetings of the Authority shall be presided over by the Chairman and, in his absence, by a member authorised in writing by the Chairman.

(4) All questions at a meeting of the Authority shall be decided by the votes of the majority of the members present and voting and, in the case of equality of votes, the person presiding shall have second or casting vote.

(5) All decisions of the Authority shall be transmitted to the Government.

(6) No act or proceeding of the Authority shall be invalid merely on the ground of existence of any vacancy in, or any defect in the constitution of, the Authority.

5. **Functions of the Authority :**

(1) The functions of the Authority shall be.—

(a) to control, manage, operate and develop the radio and television in Bangladesh;

(b) to implement policy of the Government in respect of radio and television broadcasting;

(c) to prepare plans and programmes for development of radio and television and, with the prior approval of the Government, execute such plans and programmes;

(d) to establish and maintain institutes for the instruction and training of person engaged or likely to be engaged in any activities connected with broadcasting radio and television;

(e) to make all purchases of plant, machinery and stores for radio and television within and without the country in accordance with the procedure laid down by the Government and to dispose of such plant, machinery and stores;

(f) subject to the approval of the Government, to negotiate and sign contracts and agreements with any foreign organisation in respect of any matter relating to radio and television;

(g) to associate with any international organisation engaged in any activities connected with radio and television;

(h) to exercise all such powers and do all acts and things as may be necessary for the efficient control, management, operation and development of radio and television;

(i) to do all other matters and things connected with, or ancillary to, any of the aforesaid functions.

(2) The Authority, in the discharge of its functions, shall be guided on questions of policy by such general or special instructions as may, from time to time, be given by the Government.

6. **Officers and other employees of the Authority:**

(1) The Authority may, for the efficient performance of its functions, appoint such officers and other employees as it considers necessary and in such manner as may be prescribed.

(2) All officers and other employees appointed by the Authority shall be Government servants and, subject to the provisions of this Ordinance, be governed by all law, rules, orders and notifications applicable to Government servants.

(3) Notwithstanding anything contained in this section, all posts under the Authority which are borne on the Bangladesh Civil Service (Information) Cadre shall be filled by appointment made by the Government, but the persons serving in those posts shall be under the control of the Authority.

7. **Finance:**

(1) The Authority shall have its own fund which shall consists of—

(a) grants made by the Government;

(b) loans made by the Governments and obtained from other sources with the approval of the Government;

(c) foreign grants obtained by the Authority with the prior approval of the Government;

(d) income accrued from the license fees of radio and television;

(e) revenue from the sale of advertisement time in radio and television;

(f) money obtained from the sale proceeds of film records, tapes and discs containing programmes already broadcast;

(g) income from any other source.

(2) The Authority shall maintain its account with the Bangladesh Bank and drawals from the accounts shall be made by the officers authorised by the Authority in accordance with the budget approved by the Government.

(3) The Authority shall provide for all administrative and operating expenses of radio and television, depreciation of assets thereof and repayment of loans, including interest thereon, received for the purposes of radio and television.

(4) The surplus from the revenue account of the Authority budget shall be utilised or disposed of at the end of each financial year in consultation with, and with the approval of, the Government.

8. **Transfer of certain assets and liabilities :**

All assets and undertakings, including lands, buildings, works, machinery, equipments, materials and plants belonging to or vested in the Radio Bangladesh and the Bangladesh Television shall stand transferred to and vest in the Authority, and all liabilities of the Radio Bangladesh and the Bangladesh Television in respect thereof shall be the liabilities of the Authority.

9. **Authority to review and revalue assets :**

The Authority shall, as soon as possible, initiate a review and revaluation of the assets of the Government in respect of radio and television in accordance with sound financial principles and restructure the capital and reconstruct financial obligations of the assets in accordance with the same principles and shall carry out such revaluation not often than every five years.

10. **Borrowing powers :**

The Authority may, with the approval of the Government borrow funds from internal or external sources.

11. **Budget :**

The Authority shall, by such date in each year as may be prescribed, submit to the Government for approval a budget for each financial year

12. **Accounts and audit :**

(1) The Authority shall maintain its accounts in such manner and form as may be directed by the Government in consultation with the Comptroller and Auditor General of Bangladesh, hereinafter referred to as the Auditor General.

(2) The account of the Authority shall be audited by the Auditor General in such manner as he deems fit.

(3) For the purpose of an Audit under sub-section (2), the Auditor General or any person authorised by him in this behalf, shall have access to all records, books, documents, cash, securities, stores and other property of the Authority and may examine the Chairman, member or any officer or employee of the Authority.

(4) The Authority shall produce all such accounts, books and connected documents and furnish such explanations lanations and information as the Auditor General or any person authorised by him in this behalf may require at the time of the audit.

(5) The Auditor General shall submit his annual report to the Government and forward a copy thereof to the Authority.

(6) The Government may, at any time, require the Auditor General to report to it upon the adequacy of measures taken by the Authority for the management of its financial matters.

13. Reports and statements :

(1) The Authority shall, as soon as possible after the end of every financial year, submit to the Government a report on the conduct of its affairs for that year.

(2) The Authority shall submit to the Government at such time and intervals as the Government may specify—

(a) such returns, accounts, statement, estimates and statistics as may be required by the Government;

(b) information and comments asked for by the Government on any specific subject;

(c) copies of documents required by the Government for examination and any other purpose.

14**. Payment of a fixed return on Government investment :**

The Authority shall pay to the General Revenue a fixed return of such percentum on Government investment in Radio and Television as may be determined from time to time by the Government at the close of the preceding financial year.

15. **Delegation of powers :**

The Authority may, by general or special order delegate to the Chairman or any members or officer of the Authority any of its functions subject to such conditions as may be specified in the order.

16. **Power to make rules :**

The Government may, by notification in the *official Gazette,* make rules for carrying out the purposes of this Ordinance.

[Published in Bangladesh Gazette, dated: 25 May 1986]

3.5 THE NATIONAL BROADCASTING AUTHORITY (AMENDMENT) ORDINANCE, 1988

অধ্যাদেশ নং ১৮, ১৯৮৮

নং ২১৬ পাব- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক এতদ্বারা ১৯৮৮ সালের ৭ই এপ্রিল, তারিখে প্রণীত এবং এতদসংগে সংযোজিত অধ্যাদেশটি সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইলঃ

National Broadcasting Authority Ordinance,1986 এর

সংশোধনকল্পে প্রণীত
অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে National Broadcasting Authority Ordinance 1986 (XXXII of 1986) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

এবং যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম :**

এই অধ্যাদেশ The National Broadcasting Authority (Amendment) Ordinance,1988 নামে অভিহিত হইবে।

২। **Ord.XXXII of 1986 এর section 3 এর সংশোধন :**

National Broadcasting Authority Ordinance, 1986(XXXII of 1986) এর section 3 তে,—

(ক) sub-sections (2) এবং (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-sections প্রতিস্থাপিত হইবে , যথাঃ—

"(2) The Authority shall consist of the following members, namely :—

(a) Director General, Radio Bangladesh, ex-officio ;

(b) Director General, Bangladesh Television,ex-officio;

(c) one person to be appointed by the Government from among persons in the service of the Republic; who shall be the member (finance);

(d) three other persons to be appointed by the Government.

(3) The Government shall appoint one of the members to be the Chairman of the Authority.

(3A) The Chairman and the appointed members shall hold office on such terms and conditions as the Government may determine."; এবং

(খ) sub-section (5) এর "All decisions of the Authority shall forthwith be transmitted to the members" শব্দগুলির পরিবর্তে "Subject to the provisions of the Ordinance, the Chairman and other members" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

[Published in Bangladesh Gazette, Dated: 11 April 1988]

৩.৬ রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান নীতিমালা

শক্তিশালী গণসংযোগ মাধ্যম হিসাবে রেডিও এবং টেলিভিশনের দায়িত্ব অপরিসীম। তথ্য পরিবেশন, শিক্ষা প্রসার, উন্নয়নমূলক কর্মকান্ডে সকলকে উদ্বুদ্ধকরণ ও নির্মল আনন্দদান। এই চারটি ব্যাপারই হবে অনুষ্ঠান প্রচারের মূল লক্ষ্য। এই চারটি মূল লক্ষ্যের ভিত্তিতে বিভিন্ন অনুষ্ঠান প্রচারের ক্ষেত্রে রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশন নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করবেঃ

১। রাষ্ট্র পরিচালনার মূলনীতি এবং বাংলাদেশ সরকারের রাষ্ট্রীয় আদর্শ ও নীতিমালার ওপর ভিত্তি করে অনুষ্ঠান রচনা করতে হবে।

২। বাংলাদেশের রাষ্ট্রীয় নীতি সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত/অবহিত করে তাদেরকে রাজনৈতিক, রাষ্ট্রীয়, সামাজিক ও সর্বোপরি দেশপ্রেমের চেতনাসম্পন্ন দায়িত্বশীল নাগরিক হিসাবে গড়ে তোলার বাস্ব পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। বাংলাদেশের সার্বভৌমত্ব রক্ষা, রাজনৈতিক স্থিতিশীলতা ও অর্থনৈতিক উন্নতির জন্য বাংলাদেশী জাতীয়তাবাদের প্রকাশ ও বিকাশ সাধন করতে হবে।

৪। দেশী সংস্কৃতির অগ্রগতির জন্য বাংলাদেশের আবহমান নিজস্ব মুসলিম সংস্কৃতি, ঐতিহ্য ও ভাবধারার প্রতিফলন, বাংলাদেশী সংস্কৃতির সঙ্গে জনসাধারণের নিবিড় যোগসূত্র স্থাপন এবং বিভিন্ন অঞ্চলের সাংস্কৃতিক ধারাকে বাংলাদেশী জাতীয়তাবাদ ও দেশপ্রেমের আদর্শে অনুপ্রাণিত করে বাংলাদেশ সংস্কৃতির সুষ্ঠু প্রতিফলন ও পরিবর্ধনের চেষ্টা করতে হবে।

৫। সকল ধর্মীয় অনুভূতির প্রতি পূর্ণ শ্রদ্ধা প্রদর্শন করা হবে। কোন জাতি, ধর্ম, সম্প্রদায় বা ব্যক্তি বিশেষের প্রতি কোনরূপ অবমাননা, শ্লেষ, কটাক্ষ বা সমালোচনা করা যাবে না এবং সাম্প্রদায়িকতা পরিহার করতে হবে।

৬। উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ, বিশেষ করে স্বেচ্ছাভিত্তিক অংশগ্রহণ জনসাধারণকে উদ্বুদ্ধকরণ এবং এই লক্ষ্যের বাস্বায়নে আলোচনা অনুষ্ঠান ও উন্নয়নমূলক প্রকল্পের ওপর যথাসম্ভব সচিত্র প্রতিবেদন উপস্থাপিত করতে হবে। শ্রমের মর্যাদা ও কায়িক পরিশ্রমের প্রয়োজনীয়তা সম্পর্কে জনসাধারণকে সচেতন করার প্রচেষ্টা চালাতে হবে। ব্যক্তিগত ও সামাজিক কল্যাণ এবং অর্থনৈতিক উন্নতির জন্য নিজ হাতে কাজ করা যে অবমাননাকর নয় এবং এজন্য কোন পেশা বা বৃত্তি যে হেয় নয়, অনুষ্ঠানের মাধ্যমে তা ফুটিয়ে তুলতে হবে।

৭। সংস্কৃতি ও চিত্তবিনোদনমূলক অনুষ্ঠানের সঠিক মূল্যায়ন করে শ্রোতা দর্শকদের নির্মল আনন্দ পরিবেশনের প্রচেষ্টা চালাতে হবে। বাংলাদেশী সংস্কৃতির সমৃদ্ধির জন্য বিভিন্ন অনুষ্ঠানে দেশের প্রত্যন্ অঞ্চলের শিল্প ও শিল্পীদের অনুসন্ধান ও আবিস্কার করে তাদেরকে অনুপ্রাণিত করতে হবে এবং জনসমক্ষে তুলে ধরতে হবে।

৮। বাংলা ভাষাকে রাষ্ট্র ভাষার যোগ্য মর্যাদায় সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের এবং এই উদ্দেশ্যে সঠিক বাংলা উচ্চারণের একটি আদর্শ মান স্থাপনের চেষ্টা করতে হবে। সংবাদ পাঠ ও অনুষ্ঠান ঘোষণার ক্ষেত্রে কোনক্রমেই উচ্চারণের মান শিথিল করা যাবে না।

৯। রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান মূলতঃ বাংলায় প্রচার করা হবে। সামগ্রিক অনুষ্ঠান নীতিমালার সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে সংবাদ, বিদেশী ছায়াছবি ও সংগীত প্রচারিত হবে এবং বিনিময় অনুষ্ঠান প্রচারের ক্ষেত্রে প্রয়োজনবোধে এই নীতি শিথিল করা যাবে ।

১০। নাটক, লোক সংস্কৃতিমূলক ও অন্যান্য অনুষ্ঠানের প্রয়োজনে আঞ্চলিক ভাষা ব্যবহার করা যাবে, তবে কোন ক্রমেই কোন অঞ্চলের প্রতি কটাক্ষ করার জন্য আঞ্চলিক ভাষা ব্যবহার করা যাবে না।

১১। কৃষি ও শিল্প ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি এবং দেশকে স্বনির্ভর করে গড়ে তোলার আন্দোলনে জনসাধরণকে অনুপ্রাণিত করতে হবে। বিশেষ করে কৃষক, শ্রমিক ও অন্যান্য কর্মীদেরকে গুরুত্বপূর্ণ ভূমিকা ও দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করতে হবে। বিভিন্ন অনুষ্ঠানে সাধরণ মানুষের সমস্যা ও তাদের আশা আকাঙ্খার প্রতিফলনের ব্যবস্থা করতে হবে।

১২। জনসংখ্যা বৃদ্ধির ভয়াবহতা সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে জনগণকে সদা সচেতন রাখতে ও এ সম্পর্কে কার্যকর ব্যবস্থা গ্রহণে তাদেরকে আগ্রহী করে তুলতে হবে। শালীনতা, রুচি ও দেশীয় কৃষ্টির প্রতি যথেষ্ট দৃষ্টি রেখে জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম প্রচার করা হবে।

১৩। দেশের প্রতিটি নিরক্ষর মানুষকে সাক্ষর হতে সচেতন ও আগ্রহী করার জন্যে অনুষ্ঠান রচনা ও প্রচার করা হবে।

১৪। জনসাধারণকে দেশের শিল্পের উন্নয়ন ও দেশের প্রযুক্তি উদ্ভাবনে উদ্বুদ্ধ করে তুলতে হবে।

১৫। যুব সম্প্রদায়ের সৃজনশীল চিন্তাধারা ও শক্তিকে কর্মক্ষেত্রে নিয়োগের পথ নির্দেশ দিতে হবে এবং তাদের সমস্যা সমাধানের ফলপ্রসূ ইঙ্গিত প্রদান করতে হবে।

১৬। রাজনৈতিক, অর্থনৈতিক, ধর্মীয় তথা সমাজ জীবনের সর্বক্ষেত্রে পুরুষের পাশাপাশি মহিলাদের সমমর্যাদা ও সক্রিয় অংশগ্রহণের লক্ষ্যে অনুষ্ঠানের মাধ্যমে মহিলা সমাজকে উদ্বুদ্ধ করার বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে, যেন মহিলা সমাজ আমাদের জাতিকে প্রত্যয়দীপ্ত রাখার ব্যাপারে সত্যিকারের অর্থপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

১৭। শিশুদের সৌজন্য শিক্ষা, পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা, ধর্ম, সমাজ ও জাতীয় জীবনের এবং বিশেষ করে ইসলামের মহাপুরুষদের আদর্শের প্রতি আকৃষ্ট করে তুলতে হবে। ছোটদের অনুষ্ঠানে ভাই-বোন, পিতা-মাতা, বয়োজ্যেষ্ঠ ও প্রতিবেশীদের সাথে শ্রদ্ধা, সৌহার্দ্য ও সহযোগিতামুলক সম্পর্কের প্রতিফলনকে প্রাধান্য দেওয়া হবে। ছোটদের অনুষ্ঠানে পরনিন্দা, বিবাদ, কলহের দৃশ্য পরিহার করতে হবে। দেশপ্রেম ও চরিত্র গঠনের সুশিক্ষা প্রদানের দিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে।

১৮। নৈতিকতাবোধের উন্নয়ন, সামজিক কুসংস্কার থেকে মুক্তি এবং সমাজ বিরোধী কার্যকলাপ অবদমনের দায়িত্ব পালন করার লক্ষ্যে সকল প্রকার দুর্নীতি দমন ও সমাধানের সুস্পষ্ট ইঙ্গিত করতে হবে।

১৯। অনুষ্ঠানে কোন প্রকার অশোভন উক্তি উচ্চারণ করা যাবে না।

২০। অনুষ্ঠানে সরাসরি বা বিজ্ঞাপনের মাধ্যমে কোন রাজনৈতিক দলের বক্তব্য বা মতামত প্রচার করা যাবে না।

২১। অনুষ্ঠানে ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক জীবনে সততা, আনুগত্য, শৃঙ্খলা, দেশপ্রেম, মিতব্যয়িতা ও নাগরিক দায়িত্ববোধ ফুটিয়ে তুলতে হবে।

২২। জাতীয় সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট সকল কর্মচারী এবং জনসাধারণকে দায়িত্বশীল হওয়ার জন্য সচেতন করে তুলতে হবে।

২৩। আইনের প্রতি শ্রদ্ধা প্রদর্শনের মনোভাব জাগরূক করে তুলতে হবে।

২৪। কোন মানুষ বা প্রাণী নির্যাতনের দৃশ্য অনুষ্ঠানে প্রচার করা যাবে না। নাটকের প্রয়োজনে বিশেষ ক্ষেত্রে এই নীতি শিথিল করা যেতে পারে।

২৫। অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামের প্রকৃত ও সর্বজনস্বীকৃত মুক্তিযোদ্ধাদের ভূমিকা গৌরবান্বিত করতে হবে।

২৬। দেশী ও বিদেশী ছবি/অনুষ্ঠানে অশ্লীল চুম্বনের দৃশ্য সর্বতোভাবে পরিহার করতে হবে। হিংসাত্মক, সন্ত্রাসমূলক এবং আমাদের সাংস্কৃতিক মুল্যবোধের পরিপন্থী কোন অনুষ্ঠান প্রচার করা যাবে না।

২৭। বিজ্ঞাপনে প্রদত্ত পণ্যের উৎকর্ষ প্রচার করতে গিয়ে অন্য কোন পণ্যকে হেয় করা যাবে না। বিজ্ঞাপনে কোন অশ্লীল বা অশোভন দৃশ্য বা উক্তি থাকতে পারবে না।

[এনবিএ (চেয়ারম্যান)/০৩/৮৫, তারিখঃ ০১-০১-১৯৮৬]

৩.৭ বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র সেন্সর-বিধি

বাংলাদেশ টেলিভিশনের দর্শকরা প্রধানতঃ পরিবারের সদস্যবৃন্দ যাদের মধ্যে বয়সের তারতম্য আছে। দর্শকদের মধ্যে শিশু-কিশোর, তরুণ-তরুণী আছে যাদের ওপর টিভির অনুষ্ঠানসমূহ গভীর রেখাপাত করে। যেহেতু পরিবারের বিভিন্ন বয়োগোষ্ঠীর সদস্যবৃন্দ যুগপৎভাবে অনুষ্ঠান দেখেন, সেহেতু তাদের ওপর রেখাপাতের মাত্রারও হেরফের ঘটে। টিভির অনুষ্ঠানসমূহ বাংলাদেশের সামাজিক, সাংস্কৃতিক, ভৌগোলিক ও রাজনৈতিক ঐতিহ্য ও মূল্যবোধের সঙ্গে সঙ্গতিপূর্ণ কি না সেগুলিও বিচার-বিবেচনা করে দেখতে হবে।

১। এসব বিবেচনার কথা মনে রেখেই প্রতিটি চলচ্চিত্রের নিজস্ব উৎকর্ষ- অপকর্ষের ভিত্তিতেই সংশ্লিষ্ট চলচ্চিত্রের বিচার-বিবেচনা করতে হবে।

(ক) যে সব চলচ্চিত্র দর্শকদের নৈতিক মানের অবনতি ঘটাতে পারে কিংবা অপরাধ, অপকর্ম, অশুভ বা পাপকাজে দর্শকদের সহানুভূতি আকর্ষণ করতে পারে সেগুলোকে হয় অনুমোদন দেয়া যাবে না অথবা সেগুলোকে যথাযথভাবে সেন্সর করতে হবে।

(খ) কোন দেশ বা জাতির আইন, ধর্মীয় বিশ্বাস ও রীতি, রাজনৈতিক মতবাদ, ঐতিহ্য, ইতিহাস, প্রথা ও আচরণ ইত্যাদিকে উপহাস করা চলবে না।

(গ) কাহিনীর প্লট নির্মাণের জন্যে অত্যাবশ্যকীয় হলেও অপরাধ, অপকর্ম বা অবিমৃশ্যকারিতার উপস্থাপন করা যাবে না যাতে অপরাধকর্মের প্রতি দর্শকদের সহানুভূতি জন্মে অথবা ঐ অপরাধ অনুকরণের ইচ্ছায় অন্যকে অনুপ্রাণিত করে।

(ঘ) বিয়ে ও গৃহস্থালীর প্রাতিষ্ঠানিক পবিত্রতা সমুন্নত রাখতে হবে এবং দর্শকদের মধ্যে এমন ধারণার সৃষ্টি হবে না যাতে ইতর পর্যায়ের যৌন সম্পর্ককে সচরাচর ও স্বাভাবিক বিষয় বলে মনে করা হয়।

(ঙ) দর্শকদের সংবেদনশীলতার প্রতি লক্ষ্য রেখে সুরুচির ভিত্তিতে সংশ্লিষ্ট চলচ্চিত্রের বিচার-বিশ্লেষণ করতে হবে। সংলাপ, অঙ্গভঙ্গী, ইঙ্গিত, গান অথবা হাসি-তামাশার মধ্যে অশ্লীলতা থাকবে না।

(চ) নগ্নতা, নগ্নছায়ামূর্তি, বস্ত্র উন্মোচন দৃশ্য অথবা দেহপ্রদর্শন, অশোভন অঙ্গভঙ্গী, নৃত্য, যৌনক্রিয়ার ইঙ্গিতসূচক বা প্রতীকী নাচ অথবা অশোভন প্রবৃত্তিমূলক কোনকিছু দেখানো যাবে না।

(ছ) গভীর রাতে প্রদর্শনের জন্যে নির্ধারিত চলচ্চিত্রগুলো শুধুমাত্র বয়স্কদের উপযোগী করে নির্মিত এবং সে অনুসারে কিছু ছাড় দেয়া যেতে পারে তবে সেখানেও সেন্সর বিধির চেতনা অবশ্যই সমুন্নত রাখতে হবে।

২। উল্লিখিত বিষয়ের আলোকে, নিম্নলিখিত উপাদান থাকলে টিভিতে প্রদর্শনীর জন্য চলচ্চিত্র অনুপযুক্ত বলে বিবেচিত হবেঃ

(ক) জাতীয় আদর্শ বা উদ্দেশ্যের প্রতি কোন প্রকার ব্যঙ্গ বা বিদ্রূপ,

(খ) বাংলাদেশ বা বাংলাদেশের জনগণের প্রতি অবমাননা বা ব্যঙ্গ কিংবা বাংলাদেশের জনগণের জাতীয় চরিত্রের প্রতি কটাক্ষ অথবা একটি স্বাধীন রাষ্ট্র হিসাবে বাংলাদেশের অখন্ডতা বা সংহতি ক্ষুন্ন হতে পারে এমন প্রবণতা,

(গ) বিচ্ছিন্নতা বা অসন্তোষের সৃষ্টির জন্য জাতি বা শ্রেণী বিদ্বেষ প্রচার,

(ঘ) রাষ্ট্রের নিরাপত্তা বিপন্ন করতে পারে এমন ধরনের সামরিক বা সরকারী গোপন তথ্য ফাঁস,

(ঙ) আইন-শৃঙ্খলা ভঙ্গ এবং আইন-শৃঙ্খলা ভঙ্গের প্রতি সহানুভূতি সৃষ্টি,

(চ) সশস্ত্র বাহিনী/পুলিশ বাহিনী অথবা দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত দায়িত্বশীল অন্য কোন বাহিনীর প্রতি কটাক্ষ, বিদ্রুপ বা অবমাননা,

(ছ) কোন বিদেশী রাষ্ট্রের অনুকূলে এমন ধরনের প্রচারণা যা বাংলাদেশ ও সংশ্লিষ্ট দেশের মধ্যে বিরোধের কোন একটি বিষয়কে প্রভাবিত করতে পারে কিংবা একটি বন্ধুভাবাপন্ন বিদেশী রাষ্ট্রের বিরুদ্ধে এমন ধরনের প্রচারণা যার ফলে সেই রাষ্ট্র ও বাংলাদেশের মধ্যকার সুসম্পর্ক ক্ষতি হওয়ার আশংকা আছে।

(জ) কোন জনগোষ্ঠী, জাতি বা দেশের মর্যাদা বা ইতিহাসের ক্ষতিকর ঘটনা/দৃশ্য বিন্যাস,

(ঝ) ঐতিহাসিক তথ্যের বিকৃতি,

(ঞ) কোন ধর্মের প্রতি বিদ্রূপ, অবমাননা বা আক্রমণ,

(ট) বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়, বর্ণ বা মতাবলম্বীদের মধ্যে বিদ্বেষ বা বিভেদ সৃষ্টি,

(ঠ) নৈতিকতা বিবর্জিত কার্যকলাপের কথিত অনুমোদন,

(ড) সাধারণভাবে গ্রাহ্য শালীনতার আদর্শের অবমাননা,

(ঢ) দুষ্ট এবং নৈতিকতা বর্জিত চরিত্রের প্রতি সহানুভূতি বা প্রশংসা,

(ণ) হীন উপায়ে মহৎ উদ্দেশ্য অর্জনের প্রতি যুক্তি প্রদর্শন,

(ত) সামাজিক অনুষ্ঠান হিসাবে বিয়ের পবিত্রতা ক্ষুন্ন করার প্রয়াস,

(থ) ধর্ষণ, ব্যভিচার, মহিলাদের ওপর অপরাধমূলক আক্রমণ, নারী ও শিশুদের নিয়ে অবৈধ ব্যবসা, উত্ত্যক্তকরণ, পতিতাবৃত্তি এবং দালালী,

(দ) কামুক বা অশোভন দেহভঙ্গী,

(ধ) নৈতিক মান অনুযায়ী শয্যাদৃশ্যের বহির্গত কোন দৃশ্য সংযোজন,

(ন) অতিরঞ্জিত কোন ভীতি, অত্যাচার অথবা নিষ্ঠুরতার দৃশ্য প্রদর্শন,

(প) শারীরিক নিগ্রহ অথবা মাত্রাতিরিক্ত প্রসব বেদনা প্রদর্শন,

(ফ) যৌন ব্যাধি, অতিমাত্রায় রক্তক্ষরণ, জখম ও ছেদন ইত্যাদি দৃশ্য,

(ব) সত্যিকার ফাঁসিতে লটকানো বা বীভৎস হত্যাকাণ্ড, শ্বাসরোধ করে হত্যা এবং আত্মহত্যার দৃশ্য প্রদর্শন,

(ভ) অপরাধীদের কার্যকলাপের কৌশল প্রদর্শন যা অপরাধ সংঘটনের ক্ষেত্রে নতুন পদ্ধতি প্রবর্তনে সহায়তা হতে পারে,

(ম) অপরাধ নিবারণ ও নির্ণয়ে অথবা অপরাধীদের দণ্ডবিধানে নিয়োজিত সরকারী কর্মকর্তাদের হাস্যাস্পদ করে তাদের ভাবমূর্তি বিনষ্ট করে এমন দৃশ্য প্রদর্শন।

বিশেষ দ্রষ্টব্য ঃ যদি কোন ছবি বা দৃশ্য জনসাধারণকে অপরাধে প্ররোচিত করে বলে সাধারণ ধারণার জন্ম নেয় তাহলে সে ছবি বা চলচ্চিত্রকে সার্টিফিকেট দেয়া চলবে না যদিও তাতে এটা দেখানো হয় যে অপরাধীরা তাদের দণ্ডের জন্যে দণ্ডিত হয়েছে।

৩। একটি চলচ্চিত্রকে সম্পূর্ণ নিষিদ্ধ করা কিংবা ঐ চলচ্চিত্রের কোন একটি অংশ বা কয়েকটি অংশ ছেঁটে দিয়ে সেটিকে সাধারণ প্রদর্শনীর উপযুক্ত করা হলে সেটিকে শুধুমাত্র গভীর রাতে প্রদর্শনের যোগ্য বলে সার্টিফিকেট দেয়াই উদ্দেশ্য নয়। সেন্সর বিধির আওতাধীন শর্তাবলীর অধীনে যথাযথ ছাঁটাইয়ের পরও যদি কোন চলচ্চিত্রকে জনপ্রদর্শনীর উপযুক্ত করে তোলা সম্ভব না হয় তা হলে সেক্ষেত্রেই শুধু চলচ্চিত্রকে সম্পূর্ণ নিষিদ্ধ করার ব্যবস্থা অবলম্বন করা হবে।

৩.৮ Bangladesh Civil Service Recruitment Rules,1981

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি শাখা-৫

প্রজ্ঞাপন

নং এস, আর, ও-১৭৪-আইন/৯০/সম(বিধি-৫)আর আর-১৫/৮৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনের সহিত পরামর্শক্রমে, Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এ নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত Rules এর Schedule II এ PartXXIII এর পরিবর্তে নিম্নরূপ Part XXIII প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

PART-XXIII

BANGLADESH CIVIL SERVICE (INFORMATION)

Sl. No.	Name of the specified posts of the service	Age limit for direct recruit-ment	Method of recruitment	Qualification
1	2	3	4	5
1		-	**A. GENERAL**	
	Principal Information Officer, Press Information Department.		By promotion from amongst the Additional Principal Information Officer, Press Information Department/ Director, Department of Films & Publication /Director , Department of Mass Communication/ Curator, Bangladesh Film Archive.	18 years` experience as a Class-I Officer in the Concerned Service including 3 years` experience in a feeder post or posts specified in column 4.

1	2	3	4	5
2	Additional Principal Information Officer, Press information Department/Director, Department of Films & Publications/ Director, Department of Mass Communication/ Curator, Bangladesh Film Archive.	-	By promotion from amongst the Senior Deputy Principal Information Officer, Press Information Department.	15 years` experience as a Class-I Officer in the concerned service including- (a) 2 years` experience in the feeder post. or (b) 4 years' experience as Senior Deputy Principal Information Officer, Press Information Department and Additional Director, Department of Films and Publication/ Deputy Principal Information Officer, Press Information Department/Deputy Curator.Bangladesh Film Archive/Vice-Chairman, Bangladesh Film censor Board taken together.
3	Senior Deputy Principal Information Officer, Press Information Department.	-	By promotion from amongst the Additional Director, Department of Films and Publication/ Deputy Principal Information Officer, Press Information Department/ Vice-Chairman, Bangladesh Film Censor Board/ Deputy Curator, Bangladesh Film Archive.	12 years` experience as a Class-I Officer in the concerned Service including 2 years` experience in a feeder post or posts specified in column 4.

1	2	3	4	5
4	Additional Director, Department of Films & Publication, Deputy Principal Information Officer, Press Information Department/ Deputy Curator, Bangladesh Film Archive/ Vice-Chairman, Bangladesh Film Censor Board.	-	By promotion from amongst the Deputy Director and Senior Editor, Department of Films and Publications/Deputy Director, Department of Mass Communication/ Senior Information Officer, Press Information Department.	10 years` experience as a Class-I Officer in the concerned Service including 3 years' experience in a feeder post or posts specified in column 4.
5	Senior Information Officer, Press Information Department /Deputy Director and Senior Editor, Department of Films and Publications /Deputy Director, Department of Mass Communication	-	By promotion from amongst the Assistant Director, Research officer, Editors and Script Writers of department of Films and Publications Asstt. Directors and Information Officers of the Department of Mass Communication/Secretary, Bangladesh Film Censor Board/Information Officer, Press Information Department.	5 years` experience as a Class-I Officer in the concerned service.
6	Editor, Department of Films and Publication.	-	By promotion from amongst the Information Officer, Press Information Department/Assistant Editor, Script Writer, Assistant Director and Research Officer, Department of Films and Publication/Assistant Director and Information Officer, Department of Mass Communication/ Secretary, Bangladesh Film Censor Board.	4 years` experience as a class-I Officer in the concerned Service.

1	2	3	4	5
7.	Information Officer, Press Information Department/ Assistant Editor, Script Writer, Assistanat Director and Research Officer, Department of Flims and Publication/ Assistant Director and Information Officer, Department of Mass Communication/ Secretary, Bangladesh Film Censor Board.	- As per rules prescribed in the Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules,1982.	(i) ⅓rd by promotion from amongst the Inspectors, Bangladesh Film Censor Board / Inspectors and News Editors of Department of Films & Publication/ Assistant Information Officers, Press Information Department / Assistant Information Officers, Department of Mass Communication. (ii) ⅔rds by direct recruitment.	For promotion: (i) 5 years` experience in a feeder post or posts specified in column 4. For direct recruitment:- (ii) As per rules prescribed in the Bangladesh Civil Service (Age, Qualification and Examination for direct recruitment) Rules,1982.
		B. RADIO WING		
1	Director General	-	(i) By promotion from amongst the Deputy Director General (Pragramme/ News)/ Chief Engineer. OR (ii) If no suitable candidate is available for promotion by transfer on deputation.	18 years` experience as a Class I Officer in the concerned Service including 3 years` experience in a feeder post or posts specified in column 4.

1	2	3	4	5
RADIO PROGRAMME AND NEWS				
1	(a) Deputy Director General (Programme)	-	By promotion from amongst the Director (Programme)	15 years experience as a Class I Officer in the concerned service including- (a) 2 years` experience in the feeder post. OR (b) 5 years` experience as Director (Programme) and Director/ Regional Director taken together.
	(b) Deputy Director General (News)	-	By Promotion from amongst the Director(News)	15 years` experience as a Class I Officer in the Concerned service including- (a) 2 years` experience in the feeder post. OR (b) 5 years` experience as Director (News) and Director (Monitoring)/ Controller taken together.
2.	(a) Director (Programme)	-	By promotion from amongst the Director/ Regional Director.	12 years` experience as a Class I Officer in the concerned service including 2 years` experience in the feeder post.
	(b) Director (News)	-	By promotion from amongst the Director (Monitoring)/ Controller/ Regional Controller.	12 years` experience as a Class I Officer in the concerned service including 2 years` experience in the feeder post.
3.	(a) Director (Monitoring) / Controller/ Regional Controller.	-	By promotion from amongst the Additional Controller.	10 years` experience as a Class I Officer in the concerned service including 5 years` experience in the feeder post.
	(b) Director / Regional Director.	-	By promotion from amongst the Deputy Director/ Deputy Regional Director.	10 years` experience as a Class I Officer in the concerned service including 5 years experience in the feeder post.

1	2	3	4	5
4.	(a) Deputy Director / Deputy Regional Director . (b) Additional Controller	- -	By promotion from amongst the Assistant Director /Assistant Regional Director. By promotion from amongst the Deputy Controller/Deputy Regional Controller.	4 years` experience as a Class I Officer in the concerned service. 4 years` experience as a Class I Officer in the concerned service.
5.	(a) Assistant Director/ Assistant Regional Director. (b) Deputy Controller/ Deputy Regional Controller.	- -	By promotion from amongst the Programme Organiser. By promotion from amongst the Assistant Controller (News)	2 years` experience as a Class I Officer in the concerned service. 2 years` experience as a Class I Officer in concerned service.
6	(a) Programme Organiser	- As rules prescribed in the Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules-1982.	⅓rd by promotion from amongst the Programme Producers. ⅔rds by direct recruitment	For promotion: 5 years` experience in the feeder post. For direct recruitment: As per rules prescribed in the Bangladesh Civil Service(Age, Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982
	(b) Assistant Controller (News)	- As per rules prescribed in the Bangladesh Civil Service (Age,Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982.	⅓rd by promotion from amongst the producer (News) /Language supervisor ⅔rds by direct recruitment.	For promotion: 5 years` experience in a feeder post or posts specified in column 4. For direct recruitment: As per rules prescribed in the Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules,1982.

C. RADIO ENGINEERING				
1.	Chief Engineer	-	By promotion from amongst the Additional Chief Engineer.	15 years` experience as a Class I Officer in the concerned service including 2 years` experience in the feeder post.
2.	Additional Chief Engineer	-	By promotion from amongst the Senior Engineer/ Resident Engineer.	12 years` experience as a Class I Officer in the concerned service including 2 years experience in a feeder post or posts specified in column 4.
3.	Senior Engineer/ Resident Engineer	-	By promotion from amongst the Regional Engineer/ Station Engineer.	10 years` experience as a Class I Officer in the concerned service including 3 years` experience in a feeder post or posts specified in column 4.
4.	Station Engineer/ Regional Engineer	-	By promotion from amongst the Deputy Regional Engineer.	5 years` experience as a Class I Officer in the concerned service including I year experience in the feeder post.
5.	Deputy Regional Engineer	-	By promotion from amongst the Radio Engineers.	4 years` experience as a class I Officer in the concerned Service.
6.	Radio Engineer.	- As per rules prescribed in the Bangladesh Civil Service (Age,Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982.	(i) ⅓rd by promotion from amongst the Assistant Radio Engineer. (ii) ⅔ rds by direct recruitment.	(i) For promotion: (a) mast be a B.Sc. Degree holder in Applied Physics or Diploma in Electrical Engineering/ Electronics Engineering; and (b) 5 years` experience in the feeder post. (ii) For direct recruitment: As per rules prescribed in the Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules,1982.

[বাংলাদেশ গেজেটে ২৩ শে বৈশাখ, ১৩৯৭/ ৭ই মে, ১৯৯০ তারিখে প্রকাশিত]

৩.৯ নন-ক্যাডার অফিসার ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

নোটিফিকেশন

নং এসআরও ৭৭৬-এল/৮৫—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা মোতাবেক এবং তদুদ্দেশ্যে অর্পিত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, বাংলাদেশ সরকারী কর্মকমিশনের পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ঃ**

এই বিধিমালা জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের রেডিও উইং-এর নন-ক্যাডার অফিসার ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহ ঃ**

বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী না হইলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্মকমিশনকে বুঝাইবে,

(খ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে,

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে,

(ঘ) "নির্দিষ্ট পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে,

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে,

(চ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে, এবং

"স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি ঃ**

(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্ন বিবৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে; অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে ।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগঃ**

(১) ১৯৭৯ সালের পি,এস,সি (কনসালটেশন) রেগুলেশনের শর্ত সাপেক্ষে কমিশনের সুপারিশ ব্যতিরেক কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্হায়ী বাসিন্দা না হন, অথবা

বাংলাদেশের ডমিসাইল না হন ঃ

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্হ্য পরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষ তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা নির্দিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরুপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব পরিচয় যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি-

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি-সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন, এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্হানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগঃ

(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

শর্ত থাকে যে, উচ্চতর শ্রেণীর নির্দিষ্ট পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসিঃ**

(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে-

